

💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জাহান্নামের ইন্ধন রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জাহান্নামের ইন্ধন

জাহানামের ইন্ধন বা জ্বালানী হবে এক শ্রেণীর মানুষ ও এক শ্রেণীর পাথর। মহান আল্লাহ বলছেন,

فَإِن لَّمْ تَفْعَلُوا وَلَن تَفْعَلُوا فَاتَّقُوا النَّارَ الَّتِي وَقُودُهَا النَّاسُ وَالْحِجَارَةُ ؟ أُعِدَّتْ لِلْكَافِرِينَ

অর্থাৎ, যদি তোমরা তা (আনয়ন) না কর, এবং কখনই তা করতে পারবে না, তাহলে সেই আগুনকে ভয় কর, যার ইন্ধন হবে মানুষ এবং পাথর, অবিশ্বাসীদের জন্য যা প্রস্তুত রয়েছে। (বাক্বারাহঃ ২৪)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قُوا أَنفُسَكُمْ وَأَهْلِيكُمْ نَارًا وَقُودُهَا النَّاسُ وَالْحِجَارَةُ عَلَيْهَا مَلَائِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَّا يَعْصُونَ اللَّهَ مَا أَمَرَهُمْ وَيَفْعَلُونَ مَا يُؤْمَرُونَ

অর্থাৎ, হে বিশ্বাসিগণ! তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবারপরিজনকে রক্ষা কর অগ্নি হতে, যার ইন্ধন হবে মানুষ ও পাথর, যাতে নিয়োজিত আছে নির্মম-হ্রদয়, কঠোর-স্বভাব ফিরিশ্তাগণ, যারা আল্লাহ যা তাদেরকে আদেশ করেন, তা অমান্য করে না এবং তারা যা করতে আদিষ্ট হয়, তাই করে। (তাহরীমঃ ৬)

এক শ্রেণীর জ্বিনও হবে জাহান্নামের ইন্ধন। মহান আল্লাহ জ্বিনদের কথা বলেন,

وَأُمَّا الْقَاسِطُونَ فَكَانُوا لِجَهَنَّمَ حَطَبًا

অর্থাৎ, অপরপক্ষে সীমালংঘনকারীরা তো জাহান্নামেরই ইন্ধন। (জ্বিনঃ ১৫)

পৃথিবীর বুকে উপাস্যরূপে যা পূজিত হয়, তাও জাহান্নামের জ্বালানী হবে। মহান আল্লাহ বলেন,

إِنَّكُمْ وَمَا تَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ حَصَبُ جَهَنَّمَ أَنتُمْ لَهَا وَارِدُونَ (98) لَوْ كَانَ هَٰوُّلَاءِ آلِهَةً مَّا وَرَدُوهَا 🗈 وَكُلُّ فِيهَا خَالِدُونَ (99)

অর্থাৎ, তোমরা এবং আল্লাহর পরিবর্তে তোমরা যাদের উপাসনা কর, সেগুলি তো জাহান্নামের ইন্ধন; তোমরা সবাই তাতে প্রবেশ করবে। যদি তারা উপাস্য হত, তবে তারা জাহান্নামে প্রবেশ করত না; তাদের সবাই তাতে স্থায়ী হবে। (আম্বিয়াঃ ৯৮-৯৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12218

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন